

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা
(বিচার শাখা)
www.supremecourt.gov.bd



সার্কুলার নং-০১

জে,

তারিখঃ ২২ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ
০৬ জানুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ

বিষয়ঃ বিচারিক কর্মঘন্টার পূর্ণ সদ্যবহার করা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে সম্প্রতি অত্র কোর্টের গোচরীভূত হয়েছে যে, কোনো কোনো জেলায় জেলা জজ/মহানগর দায়রা জজ/চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেটগণ এজলাস সময়ে তাঁদের খাস কামরায় অধীনস্থ বিচারকগণসহ আলোচনারত থাকায় এজলাসে বিলম্বে উঠেন। এছাড়া কোনো কোনো বিচারক/ম্যাজিস্ট্রেট নির্দিষ্ট সময়ের পূর্বেই এজলাস ত্যাগ করেন। ফলে আদালতের বিচারিক কর্মঘন্টার পূর্ণ সদ্যবহার হচ্ছে না।

০২। এমতাবস্থায়, দেশের অধস্তন আদালতের জেলা জজ/মহানগর দায়রা জজ/চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেটগণ-কে নির্ধারিত বিচারিক কর্মঘন্টায় অধীনস্থ বিচারক/ম্যাজিস্ট্রেটগণের সাথে আলোচনা পরিহার করে বিচারিক কর্মঘন্টার পূর্ণ সদ্যবহার করার কঠোর নির্দেশ প্রদান করা হলো।

০৩। প্রশাসনিক/বিচারিক কোনো বিষয়ে অধীনস্থ বিচারক/ম্যাজিস্ট্রেটদের সাথে আলোচনার প্রয়োজন হলে নির্ধারিত বিচারিক কর্মঘন্টার পরে আলোচনা করা যাবে।

বাংলাদেশের প্রধান বিচারপতির আদেশক্রমে
স্বাঃ/-
০৬/০১/২০২১
(মোঃ আলী আকবর)
রেজিস্ট্রার জেনারেল
ফোনঃ ৯৫৬২৭৮৫
ই-মেইলঃ rg@supremecourt.gov.bd

স্মারক নং-১১৩

জে,

তারিখঃ ২২ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ
০৬ জানুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ

কার্যার্থে ও জ্ঞাতার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

- ১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। জেলা ও দায়রা জজ, ----- (সকল)।
- ৩। মহানগর দায়রা জজ, ----- (সকল)।
- ৪। বিভাগীয় বিশেষ জজ, বিভাগীয় বিশেষ জজ আদালত, ----- (সকল)।
- ৫। বিশেষ জজ (জেলা জজ), বিশেষ জজ আদালত ----- (সকল)।
- ৬। বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, ----- (সকল)।
- ৭। বিচারক (জেলা জজ), জননিরাপত্তা বিলকায়ী অপরাধ দমন ট্রাইব্যুনাল, ----- (সকল)।
- ৮। বিচারক (জেলা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল, ----- (সকল)।
- ৯। বিচারক (জেলা জজ), সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল, ----- (সকল)।
- ১০। বিচারক (জেলা জজ), পরিবেশ আপীল আদালত, ঢাকা।
- ১১। চেয়ারম্যান (জেলা জজ), ১ম/২য়, কোর্ট অব সেটেলমেন্ট, সেগুন বাগিচা, ঢাকা।
- ১২। বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল, ঢাকা।
- ১৩। বিচারক (জেলা ও দায়রা জজ), মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল, ----- (সকল)।
- ১৪। চেয়ারম্যান (জেলা জজ), শ্রম আদালত, ----- (সকল)।
- ১৫। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ----- (সকল)।
- ১৬। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, ----- (সকল)।

১৭। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

প্রযোজ্য ক্ষেত্রে
প্রশাসনিক
নিয়ন্ত্রণে
কর্মরত সকল
বিচার
বিভাগীয়
কর্মকর্তাকে
বিতরণের
প্রয়োজনীয়
ব্যবস্থা গ্রহণের
অনুরোধসহ

০৬.০১.২০২১

(কার্জী আরাফাত উদ্দীন)

সহকারী রেজিস্ট্রার (বিচার) (ভারপ্রাপ্ত)